আপনার বাড়ি এবং আপনার সন্তানের স্বাস্থ্য

- ✓ *আপনি কি জানেন যে আসলে আপনার বাড়ির ভিতরের পরিবেশ বাইরের পরিবেশের চেয়ে আপনার সন্তানের হাঁপানির উপর বেশি প্রভাব ফেলতে পারে?*
- ✓ *আপনার বাড়িতে কি নাছোড়বান্দা ছত্রাক এবং স্যাঁতসেঁতেভাব রয়েছে যা আপনার সন্তানের হাঁপানিকে প্রভাবিত করতে পারে?*

আপনার বাড়ির পরিবেশ আপনার সন্তানের হাঁপানিকে প্রভাবিত করতে পারে তা মেনে নেওয়াটা গুরুত্বপূর্ণ, তবে এটি উন্নতির প্রথম পদক্ষেপ মাত্র। পরিবর্তনকে জোরদার করার জন্য, আপনার সন্তানের হেলথ কেয়ারফেশনালগণ এবং সোশ্যাল হাউজিং অ্যাসোসিয়েশনের সাথে জড়িত অনেকগুলো প্রক্রিয়াকে মেনে চলতে হবে। এগুলো সোজা সাপটা নয় এবং প্রায়শই সম্পূর্ণরূপে বিস্ময়কর বলে মনে হতে পা

অনুগ্রহ করে এই কারণে দমে যাবেন না। আমি এটির মধ্য দিয়ে গেছি, এবং আশা করি আমি এটিকে একটু কম ভয়ঙ্কর বলে মনে করতে পারি।

আপনার বাড়ির পরিবেশের নিরাপত্তাকে চ্যালেঞ্জ করার জন্য আপনাকে যে পদক্ষেপগুলো নিতে হবে তার একটি সারসংক্ষেপ আমি একত্রিত করেছি। আমি প্রাসঙ্গিক আইন গবেষণা করে এটি সংকলন করেছি এবং সহজবোধ্য ফরম্যাটে লিখেছি।

আমি আইনের বিভ্রান্তিকর স্ক্রিপ্টগুলোর সহজবোধ্য সংস্করণ পড়ার জন্য অবিরাম অনুসন্ধান করেছি যেগুলো আমি গবেষণা করেছি কিন্তু এগুলো স্রেফ পাওয়াই যায় না। যদি আপনি নিজেই আইনটি দেখতে চান, সেক্ষেত্রে কোনটি প্রাসঙ্গিক তা বাছাই করা এবং একটি সার্চ ইঞ্জিনের মাধ্যমে একটি স্বীকৃত ওয়েবসাইট খুঁজে বের করাই ভাল যেটি হয়তো আপনি বুঝতে পারেন এমন সরল ইংরেজিতে ব্যাখ্যা করতে সক্ষম হতে পারে। সিটিজেনস অ্যাডভাইস সার্ভিসটি ভিজিট করার জন্য একটি খুব ভালো ওয়েবসাইট। https://www.citizensadvice.org.uk/housing/

এই পেজগুলো মূলত সোশ্যাল হাউজিং এবং ব্যক্তিগতভাবে ভাড়া করা বাসস্থানে বসবাসকারী পরিবারগুলোর জন্য প্রযোজ্য হবে যেহেতু বেসরকারি ল্যান্ডলর্ডদের একটি **ডিউটি অব কেয়ার** রয়েছে এটি নিশ্চিত করতে যে আপনার বাড়ি যেন সুনির্দিষ্ট মানদণ্ডগুলো পূরণ করে এবং হাউজিং অ্যাক্ট 2004 এর অধীনে আপনার অথবা আপনার পরিবারের স্বাস্থ্যের জন্য হুমকি সৃষ্টি না করে, http://www.legislation.gov.uk/ukpga/2004/34/notes/contents

- ✓ *আপনি কি মনে করেন যে আপনার ল্যান্ডলর্ড আপনার সন্তানের স্বাস্থ্যকে গুরুত্বের সাথে নিচ্ছেন না? এমনকি তাদের কনসাল্ট্যান্টের কাছ থেকে চিঠিগুলো দেওয়ার পরেও।*

- ✓ *আপনার বাড়িতে কি ছত্রাক এবং স্যাঁতসেঁতে ভাব আছে, কারণ আপনার*

কিভাবে আপনার ল্যান্ডলর্ডকে আপনার কথা শোনাবেন সেই ব্যাপারে আমি বলতে যাচ্ছি এবং নীতি ও আইনের কিছু লিংক যোগ করছি যা যোগাযোগ করার সময় আপনাকে হাতিয়ার দিয়ে সজ্জিত করে সাহায্য করবে।

- ✓ প্রথমত: সব কিছুর ডায়েরি রাখুন! আমি জানি যে জীবন ব্যস্ত এবং ডায়েরিতে তথ্য লগ করার সময় খুঁজে বের করার চেষ্টা করাটা কঠিন হতে পারে, আমাকে বিশ্বাস করুন এটির মূল্য পাবেন।

- ✓ যদি আপনাকে ক্রমাগত উপেক্ষা করা হয় এবং আপনার বাড়ির সমস্যার সমাধান করা না হয় এবং আপনার সন্তানের স্বাস্থ্য এখনও ক্ষতিগ্রস্ত হতে থাকে অথবা আপনি বিশ্বাস করেন যে আপনার বাড়ির পরিবেশ আপনার সন্তানের হাঁপানির উপর প্রভাব ফেলছে তাহলে:

- ✓ আপনার সন্তানের জিপি, কনসাল্ট্যান্ট, স্পেশালিষ্ট রেসপিরেটরি নার্সের সাথে কথা বলুন - তারা আপনার ল্যান্ডলর্ডের কাছে চিঠি পাঠাবেন কিনা তা জিজ্ঞেস করুন।

- ✓ সিটিজেন অ্যাডভাইস সার্ভিসের সাথে 03444 111 444 নম্বরে যোগাযোগ করুন। - আপনার উদ্বেগ সম্পর্কে কারো সাথে কথা বলার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট করুন। আপনার সন্তানের হাঁপানিকে হালকাভাবে দেখবেন না। এটি সম্ভাব্য প্রাণঘাতী হওয়ার মতো একটি সমস্যা; এটিকে ফেলে রাখা যাবে না।

- ✓ আপনার লোকাল এমপির সাথে যোগাযোগ করুন - তাদেরও তাদের নির্বাচনী এলাকার প্রতি একটি ডিউটি অব কেয়ার রয়েছে। - আমার লোকাল এমপি দুর্দান্ত ছিলেন এবং এখনও পর্যন্ত রয়েছেন।

- ✓ সিটিজেনস অ্যাডভাইস এবং এমপির সহায়তায়, আপনার ল্যান্ডলর্ডের বিরুদ্ধে অভিযোগ করার পদ্ধতির মাধ্যমে যান। আপনার কন্ঠস্বর শোনার জন্য এটি প্রথম পয়েন্ট। এটি করা আপনার হাউজিং অফিসার এবং মেরামতকারী দলকে বাদ দিয়ে যাবে এবং স্টাফদের একজন সিনিয়র সদস্যের কাছে যায় যাকে এখন আপনার বাড়ি আপনার সন্তানের বসবাসের জন্য উপযুক্ত কিনা তা নিশ্চিত করার জন্য অভিযোগ প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে

- ✓ আপনার ল্যান্ডলর্ডকে প্রতিক্রিয়া জানানোর জন্য 10 কার্যদিবস পর্যন্ত সময় দেওয়ার অনুমতি দেওয়া হয়েছে, এর চেয়ে বেশি সময় দেবেন না।

- ✓ আপনার ল্যান্ডলর্ডের প্রতিক্রিয়া, সিটিজেন অ্যাডভাইসে আপনার উপদেষ্টাকে জানান এবং আপনার এমপিকে একটি ইমেইল পাঠান (যদি আপনি তাদের সাথে যোগাযোগ করে থাকেন)। তারিখ, সময়, আপনার সাথে যোগাযোগকারী ব্যক্তির নাম এবং আপনি যে প্রতিক্রিয়া পেয়েছেন সেগুলোর নোট আপনার ডায়েরিতে রাখুন। কাগজপত্রের প্রমাণাদি রেখে দিন। আপনার বাড়ির ঠিকানায় অথবা ইমেইলে লিখিতভাবে সবকিছু পাঠানোর জন্য বলুন।

- ✓ আপনি হাউজিং অ্যাক্ট 2014, ইকুয়ালিটি অ্যাক্ট 2010 এর আওতায় আছেন, বিশেষ করে যদি আপনার সন্তান ডিজেবিলিটি লিভিং অ্যালাউন্স পেয়ে থাকে। https://www.equalityhumanrights.com/en/search?text=housing&f[0]=search_api_aggregation_3%3A33

আপনার অধিকার সম্পর্কে জানুন, আপনার সন্তানের হাঁপানি সম্পর্কে জানুন, আপনি যত বেশি জানবেন এটি আপনার জন্য তত ভাল হবে। আপনি যাদের সাথে যোগাযোগ করছেন তারা হাঁপানির তীব্রতা সম্পর্কে জানেন না এবং বোঝেন না।

আপনাকে আপনার অভিযোগ নিয়ে হয়ত আর অগ্রসর হতে হবে না কারণ আশা করা হয় আপনার ল্যান্ডলর্ড এটি নিশ্চিত করার জন্য একটি পরিকল্পনা তৈরি করবেন যে আপনার সন্তানের বসবাসের জন্য আপনার বাড়িটি মোটামুটি মানসম্মত হবে এবং আপনার সন্তানের স্বাস্থ্য সম্পর্কিত সকল বিপদ অথবা ঝুঁকি সময়মত মোকাবেলা করা হবে।

আপনি যদি মনে করেন যে আপনার ল্যান্ডলর্ডের শিক্ষার অভাব এবং আপনার পরিস্থিতিকে উপলব্ধি না করার কারণে আপনাকে এখনও উপেক্ষা করা অথবা বাদ দিয়ে দেওয়া হচ্ছে, তারপরেও হাল ছেড়ে দেবেন না। আপনার এমপি, সিটিজেনস অ্যাডভাইসের সাথে যোগাযোগ রাখুন এবং যদি আপনার প্রয়োজন হয়, একজন সলিসিটরকে সুপারিশ করার জন্য সিটিজেনস অ্যাডভাইসকে বলুন যারা আপনাকে বিশেষজ্ঞ পরামর্শ দিতে পারবেন।

আপনি যদি আপনার ল্যান্ডলর্ডের কাছ থেকে পাওয়া পরামর্শ, যে কাজটি হাতে নেওয়া হয়েছে তাতে অথবা সমস্যাগুলো আবারো দেখা দেওয়ায় অসন্তুষ্ট হন সেক্ষেত্রে আপনি নিজ অধিকার বলে একজন বিশেষজ্ঞের সাথে পরামর্শ করতে পারবেন। আপনার বাড়ির সমস্যাগুলোকে দূর করতে বিশেষজ্ঞ পরামর্শ নিতে আপনার বাড়িতে একজন বিশেষজ্ঞের পরামর্শ করতে আসার জন্য আপনার ল্যান্ডলর্ডের কাছ থেকে অনুমতি নেওয়ার প্রয়োজন নেই।

হাঁপানিতে আক্রান্ত শিশুদের মা-বাবা/কেয়ারার হিসেবে আমাদের যেখানে সম্ভব সচেতনতা বাড়াতে হবে, যাতে আমাদের খারিজ করে দেওয়া না হয় এবং আমাদের শিশুরা নিরাপদ ও সুস্থ থাকে। এর মানে হল হাউজিং অ্যাসোসিয়েশনগুলোও। এই সংস্থাগুলোর কোনো ধারণাই নেই এবং শিক্ষিত করারও প্রয়োজন রয়েছে এবং আমি অনুভব করি যে আমরা সুপারিশ করি আমাদের সন্তানরা হাল ছেড়ে দেবে না এবং মেনে নেবে না যে আমাদেরকে বলা সব কিছুই সঠিক এবং যে সিদ্ধান্তগুলো নেওয়া হচ্ছে সেগুলোকে চ্যালেঞ্জ করবে।

হাল ছাড়বেন না। আমিই জীবন্ত প্রমাণ যে প্রতিটি কণ্ঠস্বরকে শোনা হয় এবং পার্থক্য তৈরি করতে পারে এইজন্য যে সোশ্যাল ল্যান্ডলর্ডরা সঠিক নির্দেশিকা, নীতি এবং আইন মেনে চলছেন এটি নিশ্চিত করার জন্য যে ব্যক্তি হিসাবে আমাদের সকলকে সুরক্ষিত রাখার জন্য এটিকে প্রয়োগ করা হয়েছে।

অতিরিক্ত নির্দেশাবলী, নীতি এবং আইনের কিছু লিংক

https://www.gov.uk/housing-association-homes/standard-of-your-home

https://www.citizensadvice.org.uk/housing/repairs-in-rented-housing/disrepair-what-are-your-options-if-you-are-a-social-housing-tenant/disrepair-what-are-the-landlord-s-responsibilities/

https://www.equalityhumanrights.com/en/inquiries-and-investigations/inquiry-housing-disabled-people

http://www.legislation.gov.uk/ukpga/1985/70/section/11

https://www.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/7853/safetyratingsystem.pdf

https://www.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/7812/138355.pdf

https://www.citizensadvice.org.uk/about-us/how-we-provide-advice/advice/

http://www.dampdetectives.co.uk/areas/ian-blaikie-and-kristine-reilly/?q=TD15